# মহানবীর আগমনে রহমতের দ্বার উন্মোচিত হয়েছে: রিজভী



বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবীর রিজভী। ছবি: সংগৃহীত

মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর আগমনে বিশ্বজুড়ে রহমতের দ্বার উন্মোচিত হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবীর রিজভী।

মঙ্গলবার (২৫ আগস্ট) পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে দেওয়া এক বাণীতে তিনি এ কথা বলেন।

রিজভী বলেন, পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) এমন একটি দিন, যেদিন বিশ্বজগতে শ্রেষ্ঠ মহামানবের আগমন ঘটে। সততা, নম্রতা, উদারতা ও ন্যায়বিচারের শিক্ষা এবং মহানবীর দেখানো পথে চলার জন্য দিনটি মুসলমানদের কাছে বিশেষ তাৎপর্যপূর্ণ।

তিনি বলেন, মহানবী (সা.) বিশ্বমানবতার জন্য এক উজ্জ্বল আলোকবর্তিকা। তাঁর জীবন থেকে মানবতা, সহমর্মিতা, উদারতা ও মানুষের প্রতি ভালোবাসার শিক্ষা পাওয়া যায়। কৈশোর থেকেই তিনি মিথ্যার বিরুদ্ধে ছিলেন এবং আমানতের ক্ষেত্রে কখনো বিশ্বাসভঙ্গ করেননি। মানুষের উপকার করাকে তিনি কর্তব্য হিসেবে দেখেছেন।

রিজভী আরও বলেন, মহানবী (সা.)-এর ওপর পবিত্র কোরআন নাজিল হয়। এই মহাগ্রন্থ মানবজাতির জন্য পথনির্দেশনা হিসেবে দুনিয়া ও আখিরাতের কল্যাণের দিকনির্দেশ দেয়। মহানবীর জীবন ও কর্ম অনুসরণ করে মুসলমানরা নিজেদের জীবনকে সুন্দর ও কল্যাণমুখী করার অনুপ্রেরণা পায়।

ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে দেশবাসী ও মুসলিম উম্মাহর প্রতি শুভেচ্ছা জানান রুহুল কবীর রিজভী। একই সঙ্গে সবার শান্তি, কল্যাণ ও মঙ্গল কামনা করেন তিনি।